

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩৯

২/ বিদআত

পরিচ্ছেদঃ ইসলাম পূর্ণাঙ্গ দ্বীন

আরবী

عَن مَسْرُوقٍ قَالَ كُنْتُ مُتَّكِنًا عَندَ عَائِشَةَ فَقَالَتْ يَا أَبَا عَائِشَةَ ثَلَاتٌ مَنْ رَعَمَ أَنَ مُحَمَّدًا عَلَيْ مَنْ وَكَهُ فَقَدْ أَعْظَمَ عَلَى اللهِ الْفِرْيَةَ قُلْتُ مَا هُنَّ قَالَتْ مَنْ زَعَمَ أَنَّ مُحَمَّدًا عَلَيْ لَلهِ الْفِرْيَةِ قُلْتُ مَا هُنَّ قَالَتْ يَا أُمْ الْمُؤْمِنِينَ أَنْظُرِينِي وَلاَ أَعْظَمَ عَلَى اللهِ الْفِرْيَةَ قَالَ وَكُنْتُ مُتَّكِنًا فَجَلَسْتُ فَقُلْتُ يَا أُمْ الْمُؤْمِنِينَ أَنْظُرِينِي وَلاَ تَعْجَلِينِي أَلَمْ يَقُل اللهُ عَزَّ وَجَلَّ (وَلَقَدْ رَآهُ بِالْأَفُقِ الْمُبِينِ) (وَلَقَدْ رَآهُ نَزْلَةً أُخْرَى فَقَالَتْ أَنَا أَوْلُ هَذِهِ الأُمَّةِ سَأَلَ عَن ذَلِكَ رَسُول اللهِ عَنْ فَقَالَ إِنَّمَا هُوَ جِبْرِيلُ لَمْ أَرَهُ عَلَى صُورَتِهِ التَّتِي خُلُقَ عَلَيْهَا غَيْرَ هَاتَيْنِ الْمُرَّتَيْنِ رَأَيْتُهُ مُنْهَبِطًا مِنَ السَّمَاءِ سَادًّا عِظَمُ خُلْقِهِ مَا بَيْنَ السَّمَاءِ إِلَى الأَرْضِ فَقَالَتْ أَوْلَمْ تَسْمَعْ أَنَّ اللهَ يَقُولُ (لاَ تُدْرِكُهُ الأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارُ وَهُو اللَّطِيفُ الْخَبِيرُ أَوْلَمْ تَسْمَعْ أَنَّ اللهَ يَقُولُ (وَمَا كَانَ لِبَسَرِ أَنْ يُكَلِّمُهُ اللهُ إِلاَّ يَصُورَ الْمُعْمَى اللهِ الْفَرْيَةُ وَاللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الْأَرْصِ وَلَا اللهِ عَلَى اللهِ الْفَرْيَةُ وَاللهُ عَلْمُ مَنْ وَرَاءِ حِجَابِ أَوْ يُرْسِلَ رَسُولاً فَيُوحِيَ بِإِنْدِهِ مَا يَشَاءُ إِنَّهُ عَلَى اللهِ الْفَرْيَةَ وَاللهُ الْفَرْيَةُ وَاللهُ الْهُ اللهُ الْهُ مِنْ وَرَاءِ حِجَابٍ أَوْ يُرْسِلَ رَسُولاً فَيُوحِيَ بِإِنْدِهِ مَا يَشَاءُ إِنَّهُ عَلَى اللهِ الْفَرِيَةَ وَاللهُ وَمُن وَرَاءِ حِبَابِ أَوْ يُنْ لَمْ مَنْ وَرَاءِ حِبَابٍ أَوْ يُرْبُ مِنَا يُعْلَمُ مَن وَرَاءِ حِبَابٍ أَوْ يُرْبُولُ إِلْهُ اللهُ وَيُولُ (وَمَا كَانَ لِبُسُولُ اللهِ الْفِرْيَةَ وَاللهُ يَقُولُ (قُلْ لاَ يَعْلَمُ مَلَ اللهُ الْفُرْيَةُ وَاللهُ يَقُولُ (قُلْ لا يَعْلَمُ عَلَى اللهِ الْفِرْيَةَ وَاللهُ يَقُولُ (قُلْ لا يَعْلَمُ مَا اللهُ الْفَرْيَةُ وَاللهُ يَقُولُ (قُلْ لا يَعْلَمُ اللهِ الْفِرِيَةُ وَاللهُ يَقُولُ (قُلْ لا يَعْلَمُ عَلَى السَمَولُ اللهُ الْفِرِيقُ اللهُ الْفِرِيْةُ وَاللهُ يَقُولُو اللهُ الْفِولُولُ الل

বাংলা

(১৩৯) মাসরুক (রহঃ) বলেন, আমি আয়েশা (রাঃ) এর নিকট হেলান দিয়ে বসে ছিলাম। হঠাৎ তিনি বললেন, 'হে আবূ আয়েশা! যে ব্যক্তি তিনটের মধ্যে একটি কথা বলে, সে আল্লাহর প্রতি বিরাট মিথ্যা আরোপ করেঃ

(১) যে ব্যক্তি ধারণা করে যে, মুহাম্মাদ তাঁর প্রতিপালক (আল্লাহ) কে দেখেছেন, সে আল্লাহর প্রতি বিরাট মিথ্যা আরোপ করে। যেহেতু আল্লাহ বলেন,



لاَّ تُدْرِكُهُ الأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الأَبْصَارَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ

দৃষ্টিসমূহ তাঁকে আয়ত্ব করতে পারে না, কিন্তু দৃষ্টিসমূহ তাঁর আয়ত্বে আছে এবং তিনিই সুক্ষদর্শী; সম্যক পরিজ্ঞাত। (আনআমঃ ১০৩)

وَمَا كَانَ لِبَشَرٍ أَن يُكَلِّمَهُ اللهُ إِلَّا وَحْيًا أَوْ مِن وَرَاء حِجَابٍ أَوْ يُرْسِلَ رَسُولًا فَيُوحِيَ بِإِذْنِهِ مَا يَشَاء إِنَّهُ عَلِيٌّ حَكِيمٌ

কোন মানুষের পক্ষে সম্ভব নয় যে, আল্লাহ তার সঙ্গে সরাসরি কথা বলবেন ওহীর (প্রত্যাদেশ) মাধ্যম ব্যতিরেকে, অন্তরাল ব্যতিরেকে অথবা কোন দূত প্রেরণ ব্যতিরেকে; আর তখন আল্লাহ যা চান তা তাঁর অনুমতিক্রমে অহী (প্রত্যাদেশ) করেন; নিঃসন্দেহে তিনি সমুন্নত, প্রজ্ঞাময়। (শূরাঃ ৫১)

বর্ণনাকারী মাসরাক বলেন, আমি হেলান দিয়ে বসে ছিলাম। এ কথা শুনে সোজা হয়ে বসে বললাম, 'হে উম্মুল মু'মিনীন! একটু থামুন, আমার ব্যাপারে তাড়াতাড়ি করবেন না। আল্লাহ তা'আলা কি বলেননি যে,

وَلَقَدْ رَآهُ نَزْلَةً أُخْرَى

নিশ্চয়ই সে তাকে আরেকবার দেখেছিল। (নাজমঃ ১৩) অবশ্যই সে তাকে স্পষ্ট দিগন্তে দর্শন করেছে। (তাকভীরঃ ২৩)

মা আয়েশা বললেন, 'আল্লাহর কসম! আমি এ ব্যাপারে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করেছি। তিনি বলেছেন,

إِنَّمَا هُوَ جِبْرِيلُ لَمْ أَرَهُ عَلَى صُورَتِهِ الَّتِى خُلِقَ عَلَيْهَا غَيْرَ هَاتَيْنِ الْمَرَّتَيْنِ رَأَيْتُهُ مُنْهَبِطًا مِنَ السَّمَاءِ سَادًّا عِظَمُ خَلْقِهِ مَا بَيْنَ السَّمَاءِ إِلَى الأَرْضِ

তিনি হলেন জিবরীল। তাঁকে ঐ দুইবার ছাড়া অন্য বারে তাঁর সৃষ্টিগত আসল রূপে দর্শন করিনি। যখন তিনি আসমানে অবতরণরত ছিলেন, তাঁর বিরাট সৃষ্টি-আকৃতি আকাশ-পৃথিবীর মধ্যবর্তী স্থানকে ঘিরে রেখেছিল!

- (২) যে ব্যক্তি ধারণা করে যে, মুহাম্মাদ আল্লাহর অবতীর্ণ কিছু অহী গোপন করেছেন, সে আল্লাহর প্রতি বিরাট মিথ্যা আরোপ করে। অথচ আল্লাহ বলেন, হে রসূল! তোমার প্রতিপালকের নিকট হতে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা প্রচার কর, (যদি তা না কর, তাহলে তো তুমি তাঁর বার্তা প্রচার করলে না।) (সূরা মা'য়িদাহ ৬৭ আয়াত)
- (৩) যে ব্যক্তি ধারণা করে যে, মুহাম্মাদ ভবিষ্যতের খবর জানেন, সে আল্লাহর প্রতি বিরাট মিথ্যা আরোপ করে। অথচ আল্লাহ বলেন, বল, আল্লাহ ব্যতীত আকাশমণ্ডলী ও পৃথিবীতে কেউই অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে না। (নামলঃ ৬৫)



ফুটনোট

(মুসলিম ৪৫৭, তিরমিযী ৩০৬৮, প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন